অত্র কার্যালয়ের ভিশন হলো অত্র উপজেলার প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল জনবলকে প্রশিক্ষিত ও দক্ষ করে গড়ে তোলা।

অত্র কার্যালয়ের মিশন হলো অত্র উপজেলায় কমরত সকল শিক্ষক ও প্রাথমিক শিক্ষার সাথে সংশ্লিষ্ট ব্যক্তিগণের দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন প্রকার প্রশিক্ষণ প্রদান করা যা প্রাথমিক শিক্ষার উন্নয়নের সাথে সাথে মাননীয় প্রধানমন্ত্রীর এসডিজি বাস্তবায়নে তৃণমূল পর্যায় থেকে দেশকে একটি শক্তিশালী জাতি গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। একটি দেশের প্রাথমিক শিক্ষা গুণগতমান সম্পূর্ণ হলে তবেই সে জাতি বিশ্বের প্রতিটি ক্ষেত্রে সাফল্যের স্বাক্ষর রাখতে সক্ষম হবে। বৃক্ষের মূল শক্তিশালী হলে যেমন সে বৃক্ষ শক্তিশালী হয় এবং এর থেকে ভালো ফল পাওয়া যায় ঠিক তেমনই একটি জাতির প্রধান মূল হচ্ছে তার মানসম্মত প্রাথমিক শিক্ষা। আর এ প্রাথমিক শিক্ষাকে যুগোপযোগী করতে প্রতিটি শিক্ষক ও প্রাথমিক শিক্ষা পরিবারের সকলকে হতে হবে সুশিক্ষিত ও সু-প্রশিক্ষিত। প্রশিক্ষণলব্ধ জ্ঞানকে কাজে লাগিয়ে কোমলমতি শিশুকে তার প্রাথমিক শিক্ষার ভীত সবল করা সম্ভব। এর লক্ষ্যে উপজেলা রিসোর্স সেন্টার নিরলশভাবে অগ্রদূতের ভূমিকা পালন করে যাচ্ছে।